

ফতওয়া নং ৪২৫

প্রশ্ন:

শায়েখ হারাম এবং নাযাইজের পার্থক্য কী ?

উত্তর:

অকাট্য প্রমাণ দ্বারা যার নিষিদ্ধতা প্রমাণিত তাকে হারাম বলা হয়। আর যার নিষিদ্ধতা প্রমাণিত (তাই তার প্রমাণ অকাট্য হোক বা না হোক) তাকে না জাইয বলা হয়।

অন্য ভাবে বলতে, না জাইয শব্দটি হারাম ও মাকরুহ উভয় স্থলে প্রযোজ্য, আর হারাম শব্দটির অতটা ব্যাপকতা নেই। (কেফায়াতুল মুফতী ৯/৬৫ পৃষ্ঠা দ্রষ্টব্য)

তবে একটি অপরটির স্থলে অনেক ক্ষেত্রে বলা হয়ে থাকে।

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৭ যিলহজ্জ, ১৪৪৫ হিজরী (05/07/2024)